

সর্বোচ্চ জিপিএ ৫ মহসিন কলেজের

নিজস্ব প্রতিবেদক, চট্টগ্রাম



চট্টগ্রাম শিক্ষাবোর্ডে এবারের এইচএসসি পরীক্ষায় জিপিএ-৫
প্রাপ্তিতে সেরাদের সেরা হয়েছে সরকারি হাজী মুহাম্মদ মহসিন
কলেজ। চট্টগ্রাম নগরের এই কলেজ থেকে ১ হাজার ৬৬৭ জন
শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। এরমধ্যে পাস করেছে ১ হাজার
৬৫১ জন। পাসের হার ৯৯ দশমিক শূন্য ৪ শতাংশ হলেও
জিপিএ-৫ পেয়েছে ১ হাজার ৩৩৪ জন। যা বোর্ডে কলেজভিত্তিক
জিপিএ-৫ পাওয়াদের মধ্যে সর্বোচ্চ। দুপুরের পর থেকে
শিক্ষার্থীদের পদচারণায় মুখরিত হয়ে ওঠে কলেজ ক্যাম্পাস।

জিপিএ-৫ প্রাপ্তিতে এর পরে অবস্থানে থাকা কলেজগুলোর মধ্যে
রয়েছে চট্টগ্রাম সরকারি সিটি কলেজ ১১৬৯ জন, চট্টগ্রাম কলেজ
৮৬০ জন, চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ থেকে ৭৬১ জন,
সরকারি কমার্স কলেজ ৬৯৪ জন, চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক
কলেজ ৬৩৬ জন, হাজেরা তজু ডিগ্রি কলেজ ৫৬৪ জন,
বাকলিয়া সরকারি কলেজ ৪৮৮ জন, কক্ষবাজার সরকারি কলেজ
৪১৬ জন, পটিয়া সরকারি কলেজ ৩৭৬ জন, নৌবাহিনী স্কুল
অ্যান্ড কলেজ ৩৪১ জন, ক্যান্টনমেন্ট ইংলিশ স্কুল অ্যান্ড কলেজ
২৬৮ জন, চট্টগ্রাম সরকারি মডেল স্কুল অ্যান্ড কলেজ ২৬৬
জন, বাংলাদেশ মহিলা সমিতি কলেজ ২৪৪ জন, ইস্পাহানি
পাবলিক স্কুল অ্যান্ড কলেজ ২৩৫ জন, হাটহাজারী কলেজ ২০০
জন, হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল অ্যান্ড কলেজ ১৯৯
জন এবং গাছবাড়িয়া সরকারি কলেজ ১৯০ জন জিপিএ-৫
পেয়েছেন। এ ছাড়া আরো বিভিন্ন কলেজ থেকে জিপিএ-৫
পেয়েছেন ছাত্রছাত্রীরা।

খাগড়াছড়িতে সেরা ক্যান্টনমেন্ট কলেজ : খাগড়াছড়ি প্রতিনিধি
জানান, এইচএসসি পরীক্ষার ফলাফলে এবারও এগিয়ে খাগড়াছড়ি
ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল অ্যান্ড কলেজ। পরীক্ষায় অংশ নেওয়া
এই কলেজের ২৫১ জন শিক্ষার্থীর মধ্যে পাস করেছে ২৩৫ জন।
পাসের হার ৯৩ দশমিক ৬৩ শতাংশ। এ ছাড়া জেলার সবচেয়ে
বেশি জিপিএ-৫ (৫৩ জন) পেয়েছে সেনাবাহিনী পরিচালিত
কলেজটি।

এ দিকে খাগড়াছড়ি সরকারি কলেজে ৯২৭ জন শিক্ষার্থীর মধ্যে
পাস করেছে ৫৬৪ জন। পাসের হার ৬০ দশমিক ৮৪ শতাংশ
এবং জিপিএ-৫ পেয়েছে ২৯ শিক্ষার্থী। খাগড়াছড়ি সরকারি মহিলা
কলেজে ৫৫৭ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ২৯৫ জন।
পাসের হার ৫২ দশমিক ৯৬ শতাংশ এবং জিপিএ-৫ পেয়েছে ২
জন শিক্ষার্থী। এসব কলেজসহ খাগড়াছড়ি জেলায় এবার মোট
পাসের হার ৬৮ দশমিক ৭৮ শতাংশ। যা গতবার ছিল ৮৩
দশমিক ২১ শতাংশ।